# কুরআন ও হাদীছের আলোকে হজ্জ, উমরাহ ও মদীনা যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

উমরার সংক্ষিপ্ত কার্যাবলী

১। ফরয গোসলের মতো করে ভালভাবে গোসল করা এবং সুগন্ধি ব্যবহার করা।

২। ইহরামের কাপড় পরিধান করা; আর তা হলো পুরুষের জন্য সেলাই বিহীন একটি চাদর ও একটি লুঙ্গী। আর মহিলাদের জন্য যে কোন বৈধ কাপড়।

৩। ইহরাম থেকে তাওয়াফ শুরু করা পর্যন্ত তালবিয়া পাঠ করা।

৪। কা'বা ঘরে সাত চক্কর দেয়ার মাধ্যমে তাওয়াফ সমপূর্ণ করা। যা হাজরে আসওয়াদ থেকে শুরু করবে এবং হাজরে আসওয়াদেই সমাপ্ত হবে।

৫। মাক্বামে ইবরাহীমের পেছনে দু'রাক'আত সলাত আদায় করা।

৬। 'সাফা' ও 'মারওয়া' পর্বতের মাঝে সাত চক্কর সাঈ করা, যা শুরু হবে সাফা থেকে এবং সমাপ্ত হবে মারওয়াতে।

৭। পুরুষদের জন্য মাথার চুল মুণ্ডন কিংবা চুল ছোট করা। আর মহিলাদের চুল ছোট করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9403

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন